# ‘জাতীয় মথ সপ্তাহ’ পালিত হল রাজ্যে, নিশাচর পতঙ্গদের প্রজাতি বৈচিত্র চেনাতে কর্মশালা কলকাতা, সুন্দরবনে



রাতের অন্ধকারে মথের অনুসন্ধান। নিজস্ব চিত্র।

ভারতবর্ষে বর্তমানে আনুমানিক ১৩,৫০০ প্রজাতির লেপিডপ্টেরা (প্রজাপতি ও মথ এই গোত্রভুক্ত) প্রজাতির মধ্যে ১২,০০০-এরও বেশি মথ নথিভুক্ত হয়েছে।

**আনন্দবাজার ডট কম সংবাদদাতা**

শেষ আপডেট: ২৮ জুলাই ২০২৬ ০১:৪৪

কলকাতা এবং সুন্দরবনে শিক্ষার্থী ও স্থানীয়দের নিয়ে ‘জাতীয় মথ সপ্তাহ ২০২৬’ পালন করল বন্যপ্রাণপ্রেমী সংগঠন ‘নেচার এনভায়রনমেন্ট অ্যান্ড ওয়াইল্ডলাইফ সোসাইটি’ (নিউজ়)। একাধিক কর্মশালাপ মাধ্যমে ‘নাগরিক বিজ্ঞান মডেল’ অনুসরণ করে হল মথ বৈচিত্র নথিভুক্তকরণ।

মথের গঠন ও বৈশিষ্ট্যগত বৈচিত্র, পরিবেশগত গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি পর্যবেক্ষণের মাধ্যমে মথ বৈচিত্র নথিভুক্ত করার উদ্দেশ্যে প্রতি বছর বিশ্বের বিভিন্ন প্রান্তে ‘জাতীয় মথ সপ্তাহ’ উদযাপন করা হয়। নিউজ়-এর সদস্যা দেবলীনা বন্দ্যোপাধ্যায় জানান, মথ শুধুমাত্র একটি নিশাচর পতঙ্গ নয়, বাস্তুতন্ত্রের ভারসাম্য রক্ষায় তাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বহু বন্য উদ্ভিদ, ভেষজ, শাক-সব্জি, ফল এবং অর্থনৈতিক ভাবে গুরুত্বপূর্ণ বিভিন্ন উদ্ভিদের রাত্রিকালীন পরাগমিলনে মথ অপরিহার্য ভূমিকা পালন করে। পাশাপাশি,